

Official Visit of President of the Republic of Maldives to India (August 01–04, 2022)

July 28, 2022

মালদ্বীপ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির ভারতে সরকারি সফর (অগাস্ট 01-04, 2022)

জুলাই 28, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে সাড়া দিয়ে মালদ্বীপ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি শ্রীযুক্ত ইব্রাহিম মহম্মদ সোলিহ 01-04 অগাস্ট 2022 –এ একটি সরকারি সফরে ভারতে আসছেন। উচ্চ-পদস্থ সরকারি আধিকারিক এবং বাণিজ্য প্রতিনিধিদল রাষ্ট্রপতি সোলিহর সফর সঙ্গী হবেন।

সফরকালে রাষ্ট্রপতি সোলিহ , ভারতের রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করবেন এবং প্রধানমন্ত্রীর সাথে আলোচনায় বসবেন। বিদেশমন্ত্রী, রাষ্ট্রপতি সোলিহর সাথে সাক্ষাৎ করবেন। নিউ দিল্লিতে সরকারি ব্যস্ততার পাশাপাশি, রাষ্ট্রপতি সোলিহ নিউ দিল্লিতে ব্যবসায়ী প্রতিনিধিদলের সাথে আলোচনা করবেন। সফরকালে রাষ্ট্রপতি সোলিহ মহারাষ্ট্রের মুম্বাই ভ্রমণও করবেন এবং বাণিজ্য অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

ভারত মহাসাগরীয় অঞ্চলে মালদ্বীপ হল ভারতের একটি মুখ্য প্রতিবেশী দেশ এবং ভারতের প্রতিবেশী প্রথম নীতিতে একটি বিশেষ স্থান অধিকার করে রয়েছে। রাষ্ট্রপতি সোলিহর এই আসন্ন সফর দুই নেতার মধ্যে বিস্তৃত পাল্লার অংশীদারিত্বের অগ্রগতির পর্যালোচনা করতে এবং এই অংশীদারিত্ব আরও গতি আনতে একটা সুযোগ প্রদান করবে।

নিউ দিল্লি

জুলাই 28, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.